


গণিত শিক্ষাবীক্ষণ কেন্দ্র (CPSM)  
কৃতিত্ব ও দুর্বলতা নির্ণায়ক পরীক্ষা-2023

নির্দেশ: উত্তরপত্রে তোমার নাম, শ্রেণি, রোল নম্বর ইত্যাদি দিতে হবে।  
প্রশ্নে দেওয়া (a), (b), (c) বা (d) উত্তরগুলির মধ্যে সঠিক উত্তর নির্বাচন  
করো। উত্তরপত্রে এই উত্তর নীল/কালো বল পেনে ■ এইরূপ ভরাট করে  
দাও। যেমন, 'X' নম্বর প্রশ্নের (c) সঠিক উত্তর হলে উত্তরপত্রে যথার্থস্থানে  
এরূপ চিহ্ন বসাব। প্রশ্ন: X: □ □ ■ □। রাফ কাজ পৃথক কাগজে করো।  
তিনটি ভুল উত্তরের জন্য এক নম্বর কাটা যাবে।

1. আয়তঘনকের যে-কোনো তল হল একটি—


- (a) আয়তক্ষেত্র (b) ট্রাপিজিয়াম (c) ত্রিভুজ (d) রম্বস

2. কোন্ চিত্রটি অন্যগুলি থেকে আলাদা?



3. পাশের চিত্রে ত্রিভুজের সংখ্যা হল—

- (a) 12 (b) 13  
(c) 15 (d) 16




4. একটি বাসকেট বল মাঠের দৈর্ঘ্য 20 মিটার এবং প্রস্থ 10 মিটার; মাঠটির  
পরিসীমা কত?

- (a) 30 মিটার (b) 60 মিটার (c) 90 মিটার (d) 200 মিটার

5. পাশের চিত্রে সমকোণের সংখ্যা হল—

- (a) 12  
(b) 14  
(c) 8  
(d) 10



6. একটি ফাঁপা পুরু লম্ববৃত্তাকার চোঙ-এর তলসংখ্যা হল


- (a) 2 (b) 3 (c) 4 (d) কোনোটিই নয়

7. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা 10 সেমি অধিক। ক্ষেত্রটির প্রস্থ 8 সেমি হলে উহার পরিসীমা কত?

- (a) 26 সেমি (b) 80 সেমি  
(c) 36 সেমি (d) 52 সেমি


8. পাশের চিত্রে বৃত্তের সংখ্যা হল

- (a) 11  
(b) 12  
(c) 13  
(d) 10



9. পাশের চিত্রে  $AB = 5$  সেমি,  $CD = 3$  সেমি, এবং  $GH = 12$  সেমি হলে  $EF$ -এর দৈর্ঘ্য কত?


- (a) 6 সেমি (b) 3 সেমি  
(c) 4 সেমি (d) 5 সেমি



10. যে ঘনবস্তুর পার্শ্বতলগুলি আয়তাকার তা হল—

- (a) লম্ব প্রিজম (b) লম্ব পিরামিড  
(c) চোঙ (d) লম্ব-বৃত্তাকার শঙ্কু


11.



ওপরের চিত্রে চারটি বর্গক্ষেত্র আছে। বৃহত্তম বর্গক্ষেত্রটির একটি বাহুর দৈর্ঘ্য কত?

- (a) 14 সেমি (b) 12 সেমি (c) 10 সেমি (d) 18 সেমি

12. পাশের চিত্রে বৃত্তগুলির ভিতর 1 থেকে 6 সংখ্যাগুলি এমনভাবে বসানো হবে যেন যে-কোনো বাহু বরাবর সংখ্যাগুলির সমষ্টি 10 হয়। একটি বৃত্তে 1 সংখ্যাটি বসানো হয়েছে, রেখাঙ্কিত বৃত্তটির ভিতর কোন্ সংখ্যা বসানো হবে?



- (a) 3 (b) 4 (c) 6 (d) 2

13. প্রথম অযুগ্ম যৌগিক সংখ্যাটি হল—

- (a) 15 (b) 13 (c) 9 (d) 17

14.  $\left(5\frac{1}{3} \times 5\frac{1}{4}\right) - \left(1\frac{1}{6} \times 1\frac{1}{2}\right) =$

- (a) 26 (b)  $26\frac{1}{4}$  (c)  $26\frac{3}{4}$  (d)  $27\frac{1}{4}$

15. 1234 \* সংখ্যাটি 18 দ্বারা বিভাজ্য হলে \* চিহ্নিত স্থানে কোন্ অঙ্ক বসবে?

- (a) 0 (b) 4 (c) 7 (d) 8

16. এমন একজোড়া মৌলিক সংখ্যা যাদের সমষ্টিও একটি মৌলিক সংখ্যা। কোন্ উত্তরটি সঠিক নয়?

- (a) 2, 3 (b) 5, 2 (c) 11, 13 (d) 2, 11

চতুর্থ শ্রেণি-(3)

17. 7713P8 সংখ্যাটিতে  $P$ -এর কোন্ বৃহত্তম মানের জন্য সংখ্যাটি 4 দ্বারা বিভাজ্য হবে?
- (a) 4                      (b) 6                      (c) 0                      (d) 8
18. কোনো পূর্ণসংখ্যার যুগ্ম স্থানীয় অঙ্কগুলির সমষ্টি এবং অযুগ্ম স্থানীয় অঙ্কসমষ্টির অন্তর শূণ্য হলে সংখ্যাটি নীচের কোন্ সংখ্যা দ্বারা বিভাজ্য?
- (a) 7                      (b) 11                      (c) 22                      (d) 13
19. হেমন্তিকা মনে মনে একটি সংখ্যা ধরল, যদি সংখ্যাটি থেকে 7 বিয়োগ করা হয়, তাহলে বিয়োগফল সংখ্যাটির দ্বিগুণ অপেক্ষা 15 কম হয়, সংখ্যাটি কত?
- (a) 22                      (b) 12                      (c) 16                      (d) 8
20. তিনটি সংখ্যার সমষ্টি নানাভাবে 12 হতে পারে, এবং যদি ওই সংখ্যা তিনটিকে গুণ করে প্রাপ্ত ফলকে গুণফল বলা হয় তাহলে গুণফলের বৃহত্তম মান কত হবে?
- (a) 72                      (b) 48                      (c) 60                      (d) 84
21. 6, 8, 9, 3 সংখ্যাগুলির মধ্যে কোন্টি বৃহত্তম এক-অঙ্কবিশিষ্ট সংখ্যা যার চারটি উৎপাদক আছে?
- (a) 6                      (b) 8                      (c) 9                      (d) 4
22. ডোডো দুপুর 12 : 30 থেকে দুপুর 2 : 25 পর্যন্ত একটি টেলিভিশন প্রোগ্রাম দেখল। ডোডো কতক্ষণ ওই প্রোগ্রামটি দেখল?
- (a) 105 মিনিট      (b) 45 মিনিট      (c) 115 মিনিট      (d) 95 মিনিট
23. 5, 8, 7, 10, 9, 12, 11, ..., ... এই শ্রেণিটির অষ্টম পদটি কত?
- (a) 10                      (b) 12                      (c) 8                      (d) 14
24. এক দিবসের  $\frac{5}{12}$  অংশ সমান কত ঘণ্টা?
- (a) 5 ঘণ্টা                      (b) 10 ঘণ্টা                      (c) 12 ঘণ্টা                      (d) 12 ঘণ্টা

25. একটি সরলরেখায় 18 টি বিন্দু সমদূরত্বে আছে; পরপর যে-কোনো দুটি বিন্দুর দূরত্ব 18 সেমি হলে ওই সরলরেখাটির দৈর্ঘ্য কত?  
 (a) 306 সেমি (b) 324 সেমি (c) 342 সেমি (d) 289 সেমি
26. যদি  $\theta + \theta + \theta = 48$ ;  $\theta + \theta + \Delta = 40$  এবং  $\Delta + \square + \square = 16$ . হয়, তাহলে  $\square$  প্রতীকটি কোন্ সংখ্যা সূচিত করবে?  
 (a) 8 (b) 6 (c) 4 (d) কোনোটিই নয়
27. বার্ষিক পরীক্ষায় রাই-এর রসায়ণ, পদার্থবিদ্যা এবং গণিতের গড় নম্বর ছিল 89; যদি সে পদার্থবিদ্যায় 80 এবং রসায়ণে 94 পেয়ে থাকে তাহলে রাই গণিতে কত পেয়েছিল?  
 (a) 98 (b) 91 (c) 94 (d) 93
28. একটি আয়তক্ষেত্র এবং একটি বর্গক্ষেত্রের পরিসীমা সমান; যদি আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য এবং প্রস্থ যথাক্রমে 8 মিটার এবং 6 মিটার হয়, তাহলে বর্গক্ষেত্রটির একটি বাহুর দৈর্ঘ্য কত?  
 (a)  $3\frac{1}{2}$  মিটার (b) 9 মিটার (c) 14 মিটার (d) 7 মিটার
29. 40 কে কতবার যোগ করলে যোগফল 2,00,000 হবে?  
 (a) 4000 (b) 5000 (c) 8000 (d) 50000
30. দুটি ধনাত্মক সংখ্যার গুণফল 100000 এবং উক্ত সংখ্যা দুটির কোনোটিতেই 0 অঙ্কটি নেই, সংখ্যা দুটি হল—  
 (a) 32 এবং 3125 (b) 64 এবং 625  
 (c) 16 এবং 6255 (d) 128 এবং 78125
31. যে সমস্ত দুই-অঙ্কবিশিষ্ট ধনাত্মক অযুগ্ম সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি 8 তাদের সংখ্যা হল—  
 (a) 2 (b) 6 (c) 4 (d) 8
32. 28, 56, 91 এবং 49 সংখ্যাগুলির প্রত্যেকেই নীচের কোন্ সংখ্যার গুণিতক?  
 (a) 6 (b) 7 (c) 3 (d) কোনোটিই নয়

33. 2, 7 এবং 8 এই অঙ্কগুলির কোনোটিকে একাধিক বার ব্যবহার করে যে সমস্ত দুই-অঙ্কবিশিষ্ট সংখ্যা গঠন করা যাবে তাদের সংখ্যা হল—  
 (a) 9 (b) 6 (c) 7 (d) 10
34.  $A \times A = P$  এবং  $A + A + A + A = P$  হলে  $P$  দ্বারা কোন্ সংখ্যা সূচিত হবে?  
 (a) 16 (b) 8 (c) 4 (d) 32
35.  $(6 + 7 - 4) - (17 - 14) + (8 - 21 + 13) - (4 \times 2 - 6) =$   
 (a) 2 (b) 6 (c) 4 (d) 8
36. 769-এর সঙ্গে কোন্ সংখ্যা গুণ করলে গুণফল 594437 হবে?  
 (a) 793 (b) 783 (c) 763 (d) 773
37. এক বস্তা চালের ওজন 40.750 কিগ্রা হলে ওইরূপ 19 বস্তা চালের ওজন কত?  
 (a) 774 কিগ্রা (b) 774.25 কিগ্রা  
 (c) 784.25 কিগ্রা (d) 775.25 কিগ্রা
38. প্রতিটি সংখ্যার দশক স্থানে 5 অঙ্কটি থাকবে এমন চার অঙ্কের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার (প্রতিটি অঙ্ককে মাত্র একবার ব্যবহার করা যাবে) সমষ্টি হল—  
 (a) 9909 (b) 10909 (c) 9999 (d) 10999
39. একটি পাঁউরুটিকে সমান সাত ভাগে ভাগ করা হল; যদি বুনি রুটিটির  $\frac{1}{7}$  অংশ, ডলি  $\frac{2}{7}$  অংশ এবং বন্দনা  $\frac{3}{7}$  অংশ খেয়ে থাকে, তাহলে ওই রুটিটির কত অংশ অবশিষ্ট থাকবে?  
 (a)  $\frac{4}{7}$  (b)  $\frac{3}{7}$  (c)  $\frac{2}{7}$  (d)  $\frac{1}{7}$
40. পূর্বের কাছে 60 টি মার্বেল ছিল। যদি পূর্বা মার্বেলগুলির এক-তৃতীয়াংশ তার ভাইকে এবং অবশিষ্টের এক-পঞ্চমাংশ তার বোনকে দেয়, তাহলে এখন পূর্বের কাছে কতগুলি মার্বেল থাকবে?  
 (a) 48 (b) 32 (c) 16 (d) 24

41. একজন চাকুরিজীবীর তিন মাসের বেতন 72,000 টাকা হলে তাঁর সাত মাসের বেতন কত?
- (a) 168000 টাকা (b) 24000 টাকা (c) 18800 টাকা (d) কোনোটিই নয়
42.  $\left(2\frac{3}{5} - 1\frac{7}{10}\right) - \left(1 - \frac{1}{10}\right) =$
- (a) 2 (b)  $\frac{3}{10}$  (c)  $\frac{1}{10}$  (d) 0
43. 24 কে দুটি যমজ মৌলিক সংখ্যার সমষ্টিরূপে প্রকাশ করো।
- (a) 19 + 5 (b) 11 + 13 (c) 7 + 17 (d) 1 + 23
44. 44 কে দুটি অযুগ্ম মৌলিক সংখ্যার সমষ্টিরূপে কত ভাবে প্রকাশ করা যায়?
- (a) একভাবে (b) দুই ভাবে (c) তিন ভাবে (d) চার ভাবে
45.  $237 - 328 + 205 - 76 + 84 =$
- (a) 22 (b) 122 (c) 222 (d) 132
46.  $1 - 2 + 3 - 4 + 5 - 6 + 7 - 8 + 9 - 10 + 11 =$  কত?
- (a) 5 (b) 6 (c) 7 (d) 4
47. তিন অঙ্কবিশিষ্ট পূর্ণসংখ্যার ঠিক আগের এবং ঠিক পরের পূর্ণসংখ্যা দুটির গুণফল হল
- (a) 9999 (b) 99999 (c) 9900 (d) কোনোটিই নয়
48. 72 এবং 407 এর মাঝে কয়টি তিন অঙ্কবিশিষ্ট পূর্ণসংখ্যা আছে?
- (a) 335 (b) 306 (c) 308 (d) 307
49. 75706 থেকে কোন্ বৃহত্তম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল 273 দ্বারা বিভাজ্য হবে?
- (a) 75979 (b) 75706 (c) 75433 (d) কোনোটিই নয়
50. দাদুর পকেটে 400 টাকা ছিল, তিনি ওই টাকার অর্ধেক ঠাকুমাকে দিলেন এরপর যা অবশিষ্ট থাকল তার চার ভাগের একভাগ বাবাকে দিলেন এরপর দাদুর কাছে যা থাকল তার অর্ধেক আমাকে দিলেন, আমি কত টাকা পেলাম?
- (a) 37.50 টাকা (b) 50 টাকা (c) 125 টাকা (d) 75 টাকা

51. দুটি সংখ্যার গুণফল 55432, যদি ওই সংখ্যাছয়ের একটির অর্ধেক 41 হয়, তাহলে অপর সংখ্যাটি কত?  
 (a) 676 (b) 1352 (c) 82 (d) 329
52.  $12K3 = (12 + 3)(12 - 3)$  হলে  $(2K1)K2 =$   
 (a) 10 (b) 15 (c) 5 (d) 8
53.  $6 \times 36 \times 46 \times 66 \times 76$  গুণফলটির একক স্থানীয় অঙ্কটি হল—  
 (a) 0 (b) 6 (c) 2 (d) 4
54. তিনটি সংখ্যার গুণফল 65231, ওদের মধ্যে দুটি সংখ্যা হল 43 এবং 41; তৃতীয় সংখ্যাটি কত?  
 (a) 39 (b) 35 (c) 37 (d) 47
55. 41, 49, 57, 65, ..., ... সংখ্যাশ্রেণিটির ষষ্ঠপদটি হল  
 (a) 81 (b) 79 (c) 72 (d) 78
56. 910 টাকা প্রত্যুষ, পূর্বা এবং প্রাচীর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হল যেন পূর্বা প্রাচীর দ্বিগুণ এবং প্রাচী প্রত্যুষের দ্বিগুণ পায়। প্রত্যুষ কত টাকা পেল?  
 (a) 52 টাকা (b) 130 টাকা (c) 390 টাকা (d) 520 টাকা
57. কোনো বর্গাকার ক্ষেত্রের একটি কোণের পরিমাপ কত?  
 (a)  $60^\circ$  (b)  $90^\circ$  (c)  $120^\circ$  (d)  $100^\circ$
58. সোনা 10 মিনিটে 150 মিটার হাঁটল; তার গতিবেগ কিমি/ঘণ্টা এককে কত?  
 (a) 9 কিমি/ঘ (b)  $\frac{9}{10}$  কিমি/ঘ (c)  $\frac{3}{10}$  কিমি/ঘ (d) 6 কিমি/ঘ
59. কোনো ভাগ অঙ্কে ভাজক 16, ভাগফল 208 এবং ভাগশেষ 5 হলে ভাজ্য কত?  
 (a) 3303 (b) 3330 (c) 13333 (d) 3333
60. 36 জন শ্রমিক একটি কাজ 36 দিনে করতে পারে; 6 জন শ্রমিক ওই কাজটি কত দিনে করতে পারবে?  
 (a) 216 দিন (b) 72 দিন (c) 432 দিন (d) 108 দিন